

স্মারক নং- ৪১.০১.৬৮৬০.০০০.১৮.০০১.২২-৬৯৭

তারিখঃ ২০/১২/২০২২ খ্রিঃ

**বিষয়ঃ বয়স্ক ও প্রতিবন্ধী ভাতাভোগীদের তালিকা দ্রুত প্রেরণ প্রসঙ্গে।**

সূত্র-১: ৪১.০১.৬৮৬০.০০০.১৮.০০১.২২-৩১৫ তারিখঃ ০৩/১০/২০২২ খ্রিঃ

সূত্র-২: ৪১.০১.৬৮৬০.০০০.১৮.০০১.২২-৩৪৭ তারিখঃ ০৭/১১/২০২২ খ্রিঃ

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত ০৩/১০/২০২২ খ্রিঃ তারিখে সূত্রোক্ত ১ নং স্মারকে “বয়স কম হওয়ার কারণে এমআইএস হতে বাদ পড়া বয়স্ক ভাতা ভোগীদের পরিবর্তে নতুন ভাতাভোগী বাছাই প্রসঙ্গে” এবং ০৭/১১/২০২২ খ্রিঃ তারিখে সূত্রোক্ত ২ নং স্মারকে “২০২২-২৩ অর্থবছরে অতিরিক্ত (বর্ধিত) প্রতিবন্ধী ভাতাভোগী নির্বাচন প্রসঙ্গে” শিরোনামে দুটি পত্র নরসিংদী সদর উপজেলার সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান ও মাধবদী পৌরসভার মেয়র বরাবর প্রেরণ করা হয়। নরসিংদী সদর উপজেলাধীন অধিকাংশ ইউনিয়ন হতে পত্র দুটির বিপরীতে নতুন ভাতাভোগীর তালিকা অত্র কার্যালয়ে পৌঁছুলেও আপনার পৌরসভার কোনো তালিকা অদ্যবধি অত্র কার্যালয়ে পৌঁছে নাই।

এমতাবস্থায়, উপরোক্ত সূত্রদ্বয়ে উল্লেখিত স্মারকে আপনার বরাবর প্রেরিত পত্র দুটির বিপরীতে নীতিমালা মোতাবেক ভাতাভোগী বাছাই করে আগামী এক সপ্তাহের মধ্যে কমিটির রেজুলেশন সহ তালিকা নিকষ ফন্টে সফটকপি usso.narsingdi.sadar@gmail.com —এ ইমেইলে এবং হার্ডকপি নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে প্রেরণ করার জন্য পুনরায় অনুরোধ করা হলো।

মেয়র  
মাধবদী পৌরসভা  
নরসিংদী সদর, নরসিংদী।

(মুহাম্মদ আশরাফুল ইসলাম খান)  
উপজেলা সমাজসেবা কর্মকর্তা  
নরসিংদী সদর, নরসিংদী।  
মোবাইলঃ ০১৭১৬-৮৬৭২২২

**সদয় জ্ঞাতার্থে,**

১. চেয়ারম্যান, উপজেলা পরিষদ, নরসিংদী সদর, নরসিংদী ও সভাপতি, উপজেলা ভাতা কার্যক্রম বাস্তবায়ন কমিটি।
২. উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, নরসিংদী।
৩. উপজেলা নির্বাহী অফিসার, নরসিংদী সদর, নরসিংদী।
৪. অফিস নথি।